

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

পত্র নং-০৩.৭০৩.০১৪.০০.০০.১৪৮০.২০১৭-১৫২৩

তারিখঃ ২৩/০৪/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত “সবার জন্য বাসস্থান” নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্প প্রস্তাব প্রেরণ।

সূত্র: ১। অত্র কার্যালয়ের স্মারক নং-০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬-৯৩২, তারিখঃ ১৩/১১/২০১৬ খ্রিঃ।
২। অত্র কার্যালয়ের স্মারক নং-০৩.৭০৩.০১৪.০০.০০.১৪৩২.২০১৬-৯২৭, তারিখঃ ০৯/১১/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত “সবার জন্য বাসস্থান” নিশ্চিত করার লক্ষ্যে ২০১৯ সালের মধ্যে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ২.৫০ লক্ষ পরিবার পুনর্বাসন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তন্মধ্যে ৮০ হাজার ভূমিহীন পরিবারকে ব্যারাকে পুনর্বাসন এবং অবশিষ্ট ১.৭০ লক্ষ পরিবারকে নিজ জমিতে ঘর করে দেয়া হচ্ছে। প্রকল্পের আওতায় ইতোমধ্যে ৫০৮টি প্রকল্পগ্রাম সৃজিত হয়ে ব্যারাক নির্মাণের মাধ্যমে ৪৭০০০টি পরিবার পুনর্বাসিত হয়েছে। অবশিষ্ট সময়ে ৫৯২টি প্রকল্পগ্রাম সৃজন করতে হবে।

০২। সূত্রে বর্ণিত স্মারক পত্রের মাধ্যমে জেলা/উপজেলা হতে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা চাওয়া হয়। সকল উপজেলা হতে তা অদ্যাবধি পাওয়া যায়নি। ফলে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের বিষয়ে যথাযথ পদক্ষেপ নেয়া যাচ্ছে না। উল্লেখ্য যে, বর্তমানে কমপক্ষে ২৫ শতাংশ জমিতে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। এমতাবস্থায়, তাঁর উপজেলায় ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের লক্ষ্যে প্রথম পর্যায়ে জরুরীভিত্তিতে আগামী ১৫ দিনের মধ্যে অন্তত ২টি প্রকল্প প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। বিষয়টি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি গণ্যে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের অনুরোধ করা হলো।

(কবির বিন আনোয়ার)
মহাপরিচালক (প্রশাসন)
৮১৪২৭০০
Saher

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

-----উপজেলা।

জেলা-----।

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিভাগীয় কমিশনার(সকল)-----বিভাগ।
২. জেলা প্রশাসক (সকল) -----জেলা।
৩. মুখ্য সচিব/সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল) -----উপজেলা।
৫. অফিস কপি।